গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

**বিষয়: শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সংক্রান্ত অক্টোবর মাসের সভার কার্যবিবরণী।**

সভাপতি: জনাব মো: সোহেল ইমাম খান, ডেপুটি সেক্রেটারি জেনারেল, বিএনসিইউ।

তারিখ: ৩১ অক্টোবর, ২০২১।

সময়: দুপুর ১২.০০ ঘটিকা।

স্থান: সভাকক্ষ, বিএনসিইউ।

উপস্থিতি: তালিকা (পরিশিষ্ট-ক)

সম্মানিত সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন যে, অক্টোবরে ইউনেস্কো নির্বাহী বোর্ড সভায় অংশগ্রহণ সফলভাবে সম্পন্ন হয়েছে, বাংলাদেশের ভাবমূর্তি আরও সমুন্নত হয়েছে। ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনায় ২য় কোয়ার্টারে (অক্টোবর, নভেম্বর, ডিসেম্বর) যে সকল কার্যক্রম রয়েছে তা নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে, সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে আরও সচেতন থাকতে হবে, নীতিমালায় বর্ণিত প্রমাণক ঠিকভাবে সংরক্ষণ করতে হবে। সভাপতির অনুমতিক্রমে এরপর সিনিয়র প্রোগ্রাম অফিসার জনাব ফারহানা ইয়াসমিন জাহান বলেন, সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দিষ্ট সময়ে কার্যক্রমের প্রমাণক সরবরাহ করতে হবে, কোন রকম সহযোগিতার প্রয়োজন হলে আলাপের মাধ্যমে করা যেতে পারে। এরপর প্রোগ্রাম অফিসার জনাব মোহাম্মদ সোহেলুজ্জামান ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার ২য় কোয়ার্টারের কার্যক্রমের বিষয় সংক্ষেপে উপস্থাপন করেন এবং তিনি বলেন ১ম কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন সময়মত প্রেরণ করা হয়েছে। প্রোগ্রাম অফিসার জনাব সালমা বেগম বলেন, দুর্নীতি প্রতিরোধের জন্য সকল কর্মকর্তা/কর্মচারীকে নিয়ে একটি উদ্বুদ্ধকরণ সভা আয়োজন করা যেতে পারে। পরবর্তীতে আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

| ক্রমিক নং | বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|
| ১ | সভা আয়োজন করা। | প্রতি কোয়ার্টারে ০১টি করে সভা করা। | প্রোগ্রাম অফিসার (এপিএ, শুদ্ধাচার, সংসদ) জনাব মোঃ সোহেলুজ্জামান, নৈতিকতা কমিটি |
| ২ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণ আয়োজন করা। | প্রোগ্রাম অফিসার (প্রশাসন ও অর্থ) জনাব মোঃ সাইফুল ইসলাম শুভ, সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী |

| ক্রমিক নং | বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|
| ৩ | দুর্নীতি প্রতিরোধের জন্য সকল কর্মকর্তা/কর্মচারীকে উদ্বুদ্ধ করা। | ০১টি সভা আয়োজন করা। | প্রোগ্রাম অফিসার (এপিএ, শুদ্ধাচার, সংসদ) জনাব মোঃ সোহেলুজ্জামান, নৈতিকতা কমিটি |

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

০১.১০.২০২৩

(মোঃ সোহেল ইমাম খান)
ডেপুটি সেক্রেটারি জেনারেল
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন